

নথি অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

নথি শাখাঃ "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

মুদ্রনকারীঃ ঢাকা পানি সরবরাহ ও পর্যাৱিকাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা), "শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.০০০.৯৯.০২৯.২৪ নথির বিষয়: শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে শেষ চার দিন লোকবলের বিকালের নাস্তা খরচ অনুমোদন প্রসঙ্গে।

নোট: ১ নোটের বিষয়: শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে শেষ চার দিন লোকবলের বিকালের নাস্তা খরচ অনুমোদন প্রসঙ্গে।

অনুচ্ছেদ ১.০ - তারিখ: ৯/৯/২৪ ৪:২৮ অপরাহ্ন

সম্প্রতি ঘটে যাওয়া বন্যার ব্যাপক ভয়াবহতায় ফেনী, নোয়াখালী, কুমিল্লা ও চট্টগ্রাম সহ আশপাশের এলাকায় বিশুদ্ধ খাবার পানির তীব্র সংকট দেখা দিয়েছে। ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে বিগত ২৩/০৮/২০২৪ইং হতে ২৯/০৮/২০২৪ পর্যন্ত ০৭(সাত) দিন একটানা দৈনিক প্রায় ৫,০০০ (পাঁচ হাজার) পিস বিভিন্ন সাইজের বোতলজাত পানি টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয় ও অন্যান্য ত্রাণ সংগ্রহকারীর নিকট ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪, বোতলজাত পানি সরবরাহ, ঢাকা ওয়াসা নামীয় ব্যানারে সরবরাহ/হস্তান্তর করা হয়েছে (কপি সংযুক্ত)। এছাড়াও বাংলাদেশ সেনাবাহিনী, সাংবাদিক, ছাত্র-জনতা এবং ব্যক্তিগত উদ্যোগে বিভিন্ন সাইজের বোতলজাত পানি ব্যাপক হারে সরবরাহ/হস্তান্তর করা হয়েছে। শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট উর্দ্ধতন কর্তৃপক্ষের নির্দেশনা মোতাবেক অফিস সময়ের পরে অর্থাৎ বিকাল ৫:০০ টা হতে রাত ৯:০০/১০:০০ টা পর্যন্ত দৈনিক ১২/১৪ ঘণ্টা করে (অতিরিক্ত সময় প্রায় ৪:০০/৫:০০ ঘণ্টা করে) চালু রাখা হয়েছে। বন্যার্তদের ত্রাণ সহায়তার জন্য বিভিন্ন সাইজের বোতলজাত পানির চাহিদা ব্যাপকহারে বৃদ্ধি পাওয়ায় এবং চাহিদার সাথে সমন্বয় করে প্ল্যান্টের উৎপাদন মাত্রা স্বাভাবিক রাখার স্বার্থে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নির্দেশক্রমে অত্র প্ল্যান্ট এর লোকবলের সাথে সমন্বয় করে মডস জোন-৪, মডস জোন-৫ ও মডস জোন-১০ এর লোকবল খাটানো হয়। এতে করে দৈনিক অফিস সময়ের পরে নিম্নোক্ত হারে বিকালে নাস্তা বাবদ একটি প্রাক্কলন উপস্থাপন করা হলো। প্রাক্কলিত টাকার পরিমাণ ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ২০২৪-২৫ অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার Batol Plant Maintenance (01-04-012) খাতের ঝা. SL. No-27 হতে নির্বাহ করা যেতে পারে।

অনুচ্ছেদ ১.১ - তারিখ: ৯/৯/২৪ ৪:৩২ অপরাহ্ন

এমতাবস্থায়, কর্তৃপক্ষের কাজের স্বার্থে অতি জরুরি বিবেচনায় শান্তি বোতলজাত পানি উৎপাদন প্ল্যান্ট এর ঢাকা ওয়াসা'র পক্ষ হতে বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪ টি,এস,সি ঢাকা বিশ্ববিদ্যালয়ে বোতলজাত পানি সরবরাহে অতিরিক্ত সময়ে শেষ চার দিন লোকবলের বিকালের নাস্তা খরচ কাজে উপস্থাপিত মোট ২৪,০০০/- (চব্বিশ হাজার টাকা মাত্র) টাকার প্রাক্কলনটি অনুমোদনসহ পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ এর ৮১(১) বিধি অনুযায়ী সরাসরি নগদ ক্রয় পদ্ধতিতে সম্পাদনের সদয় পোষ্ট-ফ্যাক্টো অনুমোদনের জন্য উপস্থাপন করা হলো, যা অনুমোদন ক্ষমতা প্রধান প্রকৌশলী মহোদয়ের আওতাধীন।

৯/৯/২৪ ৪:৩২ অপরাহ্ন

৯/৯/২৪ ৪:৩৬ অপরাহ্ন

৯/৯/২৪ ৪:৩৭ অপরাহ্ন

৯/৯/২৪ ৪:৩৭ অপরাহ্ন

মোহাম্মদ তৈয়ব উদ্দীন

মোঃ ফয়সাল খান

মোঃ আজিমুজ্জামান

মুস্তাফিজুর রহমান

উপ-সহকারী প্রকৌশলী

সহকারী প্রকৌশলী (চলতি দায়িত্ব)

প্লান্ট ম্যানেজার

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

সংযুক্তিসমূহ (৪):

- ১। ২০২৪-২৫ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার কপি।
- ২। বন্যার্তদের ত্রাণ সহায়তা-২০২৪, বোতলজাত পানি সরবরাহ, ঢাকা ওয়াসা এর কপি।
- ৩। বাংলাদেশ সেনাবাহিনী, সাংবাদিক, ছাত্র-জনতা এবং ব্যক্তিগত উদ্যোগের কপি।
- ৪। আলোচ্য কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ ১.২ - তারিখ: ৯/৯/২৪ ৮:২১ অপরাহ্ন

Okay

৯/৯/২৪ ৮:২২ অপরাহ্ন

৯/৯/২৪ ৮:৪৮ অপরাহ্ন

৯/৯/২৪ ৮:৪৮ অপরাহ্ন

মুস্তাফিজুর রহমান

মোঃ আজিমুজ্জামান

মোহাম্মদ তৈয়ব উদ্দীন

প্রধান প্রকৌশলী (চলতি দায়িত্ব)

প্লান্ট ম্যানেজার

উপ-সহকারী প্রকৌশলী

প্রধান প্রকৌশলী (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)

"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

"শান্তি" বোতল পানি উৎপাদন প্লান্ট

নথি | ডিজিটাল নথি ব্যবস্থাপনা